

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৪.৫৯.০০১.২১.৭৭

তারিখ: ৭ ভাদ্র ১৪২৯

২২ আগস্ট ২০২২

বিষয়: কনটেম্পট পিটিশন নং- ২৭৮/২০১৬ (রিট পিটিশন নং- ১৫০৫/২০১৬ হতে উদ্ভূত) পরিচালনা সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, কুড়িগ্রামজেলার রাজাপুর উপজেলাধীনআদর্শ হাই স্কুল (কোড নং-৮৮০৭০১১৩০২)-এরপ্রধান শিক্ষক, জনাব মো: লুৎফর রহমানেরবেতনভাতার সরকারি অংশ (এম.পি.ও)প্রদানেরমহামান্য হাইকোর্ট বিভাগে রীট পিটিশন নং-১৫০৫/২০১৬মামলা দায়ের করেন। মহামান্য হাইকোর্ট বিভাগের রীট পিটিশন নং-১৫০৫/২০১৬মামলায় গত ১৫/০২/২০১৬তারিখে নিম্নরূপ রায় প্রদান করেন:

“Pending hearing of the Rule, the Respondents are restrained by way of injunction from stop payment the petitioner salary and allowance in monthly payment order (MPO) for period of 03 (three) months from date”.

The Rule is made returnable within 3 (three) weeks from date.

রিট পিটিশন নং- ১৫০৫/২০১৬ মামলার রায় বাস্তবায়ন না হওয়ায় তিনি সংস্করক হয়ে মহামান্য হাইকোর্ট বিভাগে কনটেম্পট পিটিশন নং-২৭৮/২০১৬ দায়ের করেন। গত ০৭ জুন ২০২২খ্রি. তারিখে এ কনটেম্পট মামলায় সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়-কে ৮নং বিবাদী করা হয়েছে।

যেহেতু কনটেম্পট পিটিশন নং-২৭৮/২০১৬ (রিট পিটিশন নং-১৫০৫/২০১৬হতে উদ্ভূত)মামলায় সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়-কে ৮নং বিবাদী করা হয়েছে সেহেতুসচিব মহোদয়ের পক্ষ থেকে নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণ করার জন্য মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর-কে অনুরোধ করা যেতে পারেঃ

(ক) কনটেম্পট পিটিশন নং-২৭৮/২০১৬ (রিট পিটিশন নং-১৫০৫/২০১৬হতে উদ্ভূত)মামলাটি সরকার পক্ষে পরিচালনার জন্য সলিসিটর উইং এর সাথে যোগাযোগপূর্বক একজন বিজ্ঞ কৌশলি নিয়োগ করা।

(খ) উক্ত মামলার বিষয়ে ওকালতনামা ও অথরাইজেশন লেটার সচিব মহোদয়ের স্বাক্ষরের নিমিত্ত প্রেরণের ব্যবস্থা গ্রহণ।

(গ) কনটেম্পট মামলার জবাব ইতোমধ্যে প্রদান করা না হয়ে থাকলে সংশ্লিষ্ট আদালতে সময় বৃদ্ধির আবেদন করা।

(ঘ) কনটেম্পট মামলার দফাওয়ারী জবাব প্রস্তুতপূর্বক সংশ্লিষ্ট কাগজপত্র সরকার পক্ষে নিয়োজিত বিজ্ঞ কৌশলির নিকট প্রেরণ করা।

(ঙ) উক্ত মামলার অগ্রগতি এবং মামলা চলাকালীন সার্বিক বিষয়ে নিয়মিতভাবে মন্ত্রণালয়কে অবহিতকরণ।



২২-৮-২০২২
মোঃ সেলিম সিকদার
সহকারী সচিব

মহাপরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৪.৫৯.০০১.২১.৭৭/১

তারিখ: ৭ ভাদ্র ১৪২৯
২২ আগস্ট ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩) তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



২২-৮-২০২২
মোঃ সেলিম সিকদার
সহকারী সচিব